

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২৪

১/ বিবিধ

আরবী

ما أنفقت الورق في شيء أحب إلى الله عز وجل من نحيرة تنحر في يوم عيد  
ضعيف جداً

رواه ابن حبان في " المجروحين " ( 1 / 88 ) والطبراني ( 3 / 102 / 1 ) وأبو القاسم  
الهمداني في " الفوائد " ( 1 / 196 / 1 ) والدارقطني في " سننه " ( ص 543 ) والمخلص  
في قطعة من " فوائده " ( 1 / 84 ) وابن أبي شريح في " جزء بيبي " ( 168 / 1 - 2 ) عن  
إبراهيم بن يزيد الخوزي عن عمرو بن دينار عن طاووس عن ابن عباس مرفوعاً

وعزاه السيوطي في " الجامع " للطبراني والبيهقي في " سننه " . وقال الهيثمي في  
المجمع " ( 4 / 17 )

رواه الطبراني عن ابن عباس، وفيه إبراهيم بن يزيد الخوزي وهو ضعيف  
قلت: بل هو ضعيف جداً، فقد قال ابن حبان: " روى مناكير كثيرة، وأوهاما غليظة  
حتى يسبق إلى القلب أنه المتعمد لها " . وقال البرقي فيه: " كان يتهم بالكذب  
وأشار إلى هذا الذي ذكره البرقي الإمام البخاري بقوله فيه: " سكتوا عنه " ، قال  
الحافظ ابن كثير في " اختصار علوم الحديث " ( ص 118 تحقيق الشيخ أحمد شاکر  
رحمه الله ) : " إذ قال البخاري في الرجل: " سكتوا عنه " ، أو " فيه نظر " ، فإنه يكون  
في أدنى المنازل وأردئها عنده، ولكنه لطيف العبارة في التجريح، فليعلم ذلك " . قال  
شارحه أحمد شاکر: " وكذلك قوله: " منكر الحديث " فإنه يريد الكذابين، ففي "

## الميزان " للذهبي (ج 1 ص 5) : نقل ابن القطان أن البخاري قال: كل من قلت فيه: منكر الحديث فلا تحل الرواية عنه

বাংলা

৫২৪। আল্লাহর নিকট কোন ব্যাপারে রৌপ্য মুদ্রা খরচ করা ঈদের দিনে কুরবানী করার চাইতেও অতি উত্তম।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু হিব্বান "আল-মাজরহীন" (১/৮৮) গ্রন্থে, তাবারানী (৩/১০২/১), আবুল কাসেম আল-হামাদানী "আল-ফাওয়ায়েদ" (১/১৯৬/১) গ্রন্থে, দারাকুতনী তার "সুনান" (পৃঃ ৫৪৩) গ্রন্থে, আল-মুখাল্লিস তার "ফাওয়ায়েদ" (১/৮৪) গ্রন্থের এক অংশে এবং ইবনু আবী শুরাইহ "জুযউ বীবী" (১৬৮/১-২) গ্রন্থে ইবরাহীম ইবনু ইয়াযীদ আল-খাওযী হতে ... ইবনু আব্বাস (রাঃ) হতে মারফূ হিসাবে বর্ণনা করেছেন। ইমাম সুযূতী "আল-জামে" গ্রন্থে তাবারানী এবং বাইহাকীর "সুনান" গ্রন্থের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন।

হায়ছামী "আল-মাজমা" (৪/১৭) গ্রন্থে বলেছেনঃ তাবারানী ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, যার সনদে ইবরাহীম ইবনু ইয়াযীদ আল-খাওযী রয়েছে, তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি খুবই দুর্বল। ইবনু হিব্বান বলেনঃ তিনি বহু মুনকার এবং অতিশয় সন্দেহযুক্ত হাদীছ বর্ণনা করেছেন। এমন কি হৃদয়ে এটিই প্রাধান্য পাবে যে তিনি তা ইচ্ছাকৃতই করেছেন। তার সম্পর্কে আল-বারকী বলেনঃ তাকে মিথ্যার দোষে দোষী করা হতো। আল-বারকী যা উল্লেখ করেছেন ইমাম বুখারী তার ভাষ্যে সে দিকেই ইঙ্গিত করে বলেছেনঃ তার ব্যাপারে মুহাদ্দিসগণ চুপ থেকেছেন। হাফিয ইবনু কাসীর "ইখতিসারু উলুমিল হাদীছ" (পৃঃ ১১৮ তাহকীক আহমাদ মুহাম্মাদ শাকের) গ্রন্থে বলেনঃ যখন ইমাম বুখারী কারো সম্পর্কে বলেনঃ **سكتوا عنه** তার ব্যাপারে মুহাদ্দিসগণ চুপ থেকেছেন অথবা বলেন যে, **فيه نظر** তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে, তখন বুঝতে হবে যে, তার স্তরটি তার নিকট অত্যন্ত নিচু পর্যায়ের। তিনি দোষারোপ করার ক্ষেত্রে নরম ভাষা ব্যবহার করেছেন।

আহমাদ শাকের বলেনঃ অনুরূপভাবে তিনি **منكر الحديث** 'মুনকারুল হাদীছ' বললে তা দ্বারা তিনি বুঝিয়েছেন মিথ্যুকদেরকে। ইমাম যাহাবী "আল-মীযান" (১/৫) গ্রন্থে বলেনঃ ইবনুল কাত্তান বুখারীর উদ্ধৃতিতে বলেছেন, তিনি বলেনঃ আমি যে ব্যক্তি সম্পর্কে মুনকারুল হাদীছ বলেছি তার থেকে হাদীছ বর্ণনা করা হালাল নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71403>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন